

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
মঠবাড়ীয়া, পিরোজপুর।
www.mathbaria.pirojpur.gov.bd

তারিখঃ ১৭ শ্রাবণ, ১৪২৬
০১ আগস্ট, ২০১৯

স্মারক নং- ০৫.১০.৭৯৫৮.০০৩.২৩.০৪৬.১৯- ৬১৮

বিষয়ঃ মঠবাড়ীয়া উপজেলায় আগামী ০৫ আগস্ট, ২০১৯ তারিখ সোমবার গণশুনানির আয়োজন।

সূত্রঃ স্মারক নং-২৯৫৮৯(২০), তারিখঃ ২৫/০৭/২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মঠবাড়ীয়া উপজেলায় আগামী ০৫ আগস্ট, ২০১৯ তারিখ সোমবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা পরিষদ মিলনায়তনে দুদক কর্তৃক গণশুনানির আয়োজন করা হয়েছে। উক্ত গণশুনানি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের সার্বিক সহায়তাসহ উপজেলায় অবস্থিত সরকারি অফিসসমূহ যথা: উপজেলা ভূমি অফিস, জরিপ অফিস, সাব-রেজিস্ট্রি অফিস, উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলা হিসাবরক্ষণ অফিস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা অফিসসহ অন্যান্য সরকারি অফিসের পক্ষ হতে তথ্য, উপাত্ত উপস্থাপন ও গণশুনানিতে সক্রিয় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য জনাব মোঃ মোস্তফিজুর রহমান, মহাপরিচালক(অনুসন্ধান ও তদন্ত-১), দুর্নীতি দমন কমিশন উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত গণশুনানিতে অংশগ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

প্রাপকঃ-----

মঠবাড়ীয়া, পিরোজপুর।



জি.এম. সরফরাজ
উপজেলা নির্বাহী অফিসার
মঠবাড়ীয়া, পিরোজপুর।
ফোন নং-০৪৬২৫-৭৫০০১

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

- ১। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ২। পরিচালক, প্রতিরোধ ও গণসচেতনতা-১, দুদক, ঢাকা, বাংলাদেশ।
- ৩। অফিস কপি।